



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা  
আইন বিভাগ

পরিবেশ বান্ধব ব্যাংকিং করণ

পি,এ,বি,এক্স- ৯৫৬০০২১-৫

৯৫৬০০৩১-৫

ফোন : ৯৫৫৩০০১

Web: www.krishibank.org.bd

E-mail- dgmlaw@krishibank.org.bd

প্রকা/আইন/১৮৬৬/২০১৫-১৯/ ১৭৫ (২)

তারিখঃ ১৮.০২.২০১৯ইং

উপমহাব্যবস্থাপক স্থানীয় মুখ্য কার্যালয়  
উপমহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা  
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : DCMS সফটওয়্যারে মামলা সংক্রান্ত তথ্য এন্ট্রি ও সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার পত্র নং-আইন-১২২২/২০১৯-২৫৪ তারিখ ০৫-০২-২০১৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের মাধ্যমে অত্র ব্যাংকের বিভিন্ন আদালতে অনিষ্পন্ন মামলার তথ্য DCMS সফটওয়্যারে যথাযথভাবে এন্ট্রির ব্যবস্থাসহ এন্ট্রিকৃত মামলার অসম্পূর্ণ ফিল্ডসমূহ পূরণ পূর্বক মামলার তথ্য Update করনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, সফটওয়্যারটির url হলো 115.127.114.84: 9003, পূর্বের প্রেরিত user ID এবং ডিফল্ট পাসওয়ার্ড দিয়ে ডাটা এন্ট্রি দিতে হবে।

০৩। এমতাবস্থায়, আপনার কার্যালয়/ অঞ্চলাধীন সংশ্লিষ্ট মামলা সমূহের তথ্য Digital Case Management System (DCMS) নামক web based software -এ সকল ফিল্ড যথাযথভাবে পূরণ ও সংশোধন এবং নতুন মামলার ডাটা এন্ট্রিকরণ কার্যাদি আগামী ০৩/০৩/২০১৯ তারিখের মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্ট কার্যালয়/অঞ্চল প্রধানগণের উপর বর্তাবে।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাঃ গোলাম মাহবুব)

উপ-মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্ট্রাক অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক। নির্ধারিত সময়সীমার মধ্যে বিভাগের আওতাধীন অঞ্চলসমূহের মামলার তথ্য Update করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। বর্ণিত পত্রটি কৃষি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। অফিস নথি।